মেহেরপুরে সিরাতুন্নবী (সাঃ) উদযাপন উপলক্ষে নাতে রাসুল সন্ধ্যা অনুষ্ঠিত

মেহেরপুরে সিরাতুন্নবী (সাঃ) উদযাপন উপলক্ষে নাতে রাসুল সন্ধ্যা অনুষ্ঠিত হয়েছে। উদযাপন উপলক্ষে আজ শুক্রবার সন্ধ্যা ৭ টার দিকে শহীদ শামসুলজোহা পার্কে ইসলামিক গান, কবিতা, গজল পরিবেশন করা হয়।

কানন সাহিত্য সাংস্কৃতিক সংসদ মেহেরপুর ও উপদেষ্টা এবং সাহিত্য সাংস্কৃতিক বিভাগের পরিচালক মোঃ আব্দুল জাব্বারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কবিতা, সাধারণ সম্পাদক, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রফেসর, কবি ও গবেষক ড. মাহফুজুর রহমান আখন্দ।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ, গবেষক, সমাজসেবক ও কানন সাহিত্য সাংস্কৃতিক সংসদ মেহেরপুর জেলা শাখার উপদেষ্টা তাজউদ্দীন খান।

এসময় শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদান রাখায়, কাজী নজরুল শিক্ষা মঞ্জিল, মাধ্যমিক বিদ্যালয় মোহাঃ মোসলেম আলীকে ক্ষীকৃতি স্মারক দেওয়া হয়। একইভাবে একে এম সাইফুল্লাহকে দ্বীন ইসলাম প্রচারে বিশেষ অবদান রাখায় মরনোত্তর পদক এবং সোহেল রানা ডলারকে সমাজসেবায় বিশেষ অবদান রাখায় স্মারক প্রদান করা হয়।

এসময় দর্শকদের মন জয় করে গীতিকার, সুরকার ও শিল্পী সুরসম্রাট মশিউর রহমান,জাতীয় পুরস্কার প্রাপ্ত সাড়া জাগানো শিশু শিল্পীজাহিন ইকবাল, মুজাহিদুল ইসলাম,গীতিকার, সুরকার ও শিল্পী মাহফুজ মামুন ইসলামিক অনুষ্ঠান পরিবেশন করেন।

কোটচাঁদপুরে দুর্গাপূজা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

কোটচাঁদপুরে সর্বজনীন শারদীয় দুর্গাপূজা ২০২৪ উদযাপন উপলক্ষে পূজা মন্ডপসমুহের নিরাপত্তা, আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও প্রাসঙ্গিক বিষয়ে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৬ শে সেপ্টেম্বর) দুপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে অফির্সাস ক্লাব মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি মূলক সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার কোটচাঁদপুর সার্কেল মুন্না বিশ্বাস, উপজেলা সহকারী কমিশনার ভূমি জান্নাতুল মাওয়া, মডেল থানার অফিসার ইনর্চাজ সৈয়দ আল-মামুন, সেনাবাহিনীর ওয়ারেন্ট অফিসার এনামুল হক,সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, কুশান ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ, উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি শরিফুল ইসলাম, উপজেলা বিএনপি দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইয়া,পৌর বিএনপির সহ সাধারণ সম্পাদক রুস্তম আলী, পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক রবীন্দ্রনাথ রায়,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম, উপজেলা প্রকৌশলী সিদ্ধার্থ কুমার কুন্ড, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আবাসিক মেডিকেল অফিসার আশরাফুল আলম, সমাজ সেবা অফিসার বসির উদ্দিন, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহাক আলী,পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান,কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাব সভাপতি মইন উদ্দিন খান, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার প্রমুখ।

সে সময় পূজা মন্ডপ সিসি ক্যামেরার আওতায় আনা ও আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে করনীয় বিষয় তুলে ধরে গুরুত্বপূর্ণ আলোচনা করেন অতিথিরা।

এ সময় উপজেলার ৪১ টি পূজা উদযাপন কমিটির সভাপতি-সম্পদক, সাংবাদিক,বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতা কর্মী, ফায়ার সার্ভিসের সদস্য সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মরত

কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের প্রাথমিক বিদ্যালয় ভিত্তিক পরিকল্পনা সভা অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরেপড়া রোধ এবং বিদ্যালয়কে শিশুবান্ধব পরিবেশ তৈরি করতে আজ বুধবার সকাল ১০ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের ‘ ‘আমদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যালয় ভিত্তিক পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়’’।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাজী মতিনুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আমদহ ইউনিয়নের চেয়ারম্যান রওশন আলী টোকন। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন প্রোগ্রাম ম্যানেজার মোছা: কাজল রেখা।

এ ছাড়াও বক্তব্য রাখেন আমদহ ইউনিয়নের ইউপি সদস্য মওলাদ হোসেন সহ আমদহ ইউনিয়নের বি.এন.পির কেন্দ্রীয় সেক্রেটরী মো: সিরাজুল হক। এছাড়া অনুষ্ঠানে এস.এম.সি, পি.টিএ ও ওয়াচ গ্রুপের সদস্য সহ জনপ্রতিনিধগন উপস্থিত ছিলেন।

সভায় সবার জন্য সমতা ভিত্তিক ও মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরেপড়া রোধ সহ ছাত্র-ছাত্রীদের নাগরিকতা ও নৈতিক মূল্যবোধ ও সূশীল সমাজের সকলকে নিজ নিজ দায়িত্ব পালনে এগিয়ে যাওয়ার বিষয়ে এস.এম.সি, শিক্ষক, পিটিএ, ওয়াচ সদস্যবৃন্দ এবং জনপ্রতিনিধিগণকে একসাথে কাজ করতে পৃথক কর্মসূচী গ্রহণ করে।

[redacted]

[redacted]

[redacted]

[

মেহেরপুরে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আইন শৃঙ্খলা সভা অনুষ্ঠিত

মেহেরপুরে শারদীয় দুর্গাপূজা-২০২৪ উপলক্ষে আইনশৃঙ্খলা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার(২৩ সেপ্টেম্বর) বিকেলে সার্কিট হাউস সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মু. তানভির আহমেদ রুমান, অতিরিক্ত জেলা প্রশাসক রনি আলম নুর, মেজর মোঃ তৌফিকুল আলম, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আকাশ কুমার কুন্ডু, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম কুমার সাহা , ডাঃ ইনজামামুল হক, পূজা উদযাপন কমিটির সদস্য সচিব ড. অশোক চন্দ্র বিশ্বাস, হালদার পাড়া পূজামণ্ডপের সভাপতি শ্রী অনন্ত কুমার হালদার, সিদ্ধেশ্বরী কালী মন্দিরের সেক্রেটারি তপন কুমার সাহা, মেহেরপুর পূজা উদযাপন পরিষদ আহ্বায়ক কমিটির সদস্য সাধন কুমার দাস প্রমুখ ।

এ সভায় সিসিটিভি ক্যামেরা স্থাপন, জেনারেটরের ব্যবস্থা, কন্ট্রোল রুম, আইপি ক্যামেরা, পূজা বিসর্জনে রাস্তা ঘাট পরিস্কার এবং সড়কে আলোকসজ্জা, আযান এবং নামাযের সময় মেনে পূজা উদযাপন, সড়কে নিরাপত্তাসহ বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়।

এ ছাড়াও পূজা মন্ডুপের নিরাপত্তায় পুলিশ, আনসার, বিজিবি, স্বেচ্ছাসেবকরা কাজ করবে ও মোবাইল টিম থাকবে।

এবার জেলায় ৩৮টি পূজামণ্ডপে পূজা অনুষ্ঠিত হবে। এর মধ্যে সদর ১৪, মুজিবনগর ৭, গাংনী ১৭ টি।

কোটচাঁদপুরে ইসলামী আন্দোলনের গণ সমাবেশ অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে ইসলামী আন্দোলন বাংলাদেশ পীর সাহেব চরমোনাই ঘোষিত ৭ দফার দাবীতে গণসমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (২২ সেপ্টেম্বর) বিকালে কোটচাঁদপুর উপজেলার সভাপতি মুফতী ওমর ফারুকের সভাপতিত্বে ও সাবেক জেলা সহসভাপতি মুফতী মাহমুদুল হাসানের উপস্থাপনায় এ গণসমাবেশ অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা সভাপতি ডা. এইচ এম মোমতাজুল করীম। তিনি ফ্যাসিবাদী হাসিনা সরকারের দুঃশাসনের বিবরণ দেন। বিগত সরকারের খুন, গুম ও দুর্ণীতির বর্ণনা করেন। এরপর তিনি ৭ দফার দাবী করেন। দাবী গুলো হলোঃ

১. গ্রহনযোগ্য তদন্ত কমিশন ও স্বতন্ত্র ট্রাইবুনাল গঠন করে জুলাই গণহত্যাকান্ডের বিচার করতে হবে। একই সাথে গত ১৬ বছরে সংগঠিত সকল রাজনৈতিক ও প্রশাসনিক হত্যাযজ্ঞ, গণহত্যা, গুম ও মানবাধিকার লঙ্ঘনের বিচার করতে হবে। এক্ষেত্রে যে সকল ব্যক্তি বা সংগঠন দোষী সাব্যস্ত হবে, তাদেরকে রাজনীতি ও নির্বাচন থেকে স্থায়ীভাবে নিষিদ্ধ করতে হবে।
২. তদন্ত সাপেক্ষে বিগত বছরের সকল দুর্নীতিবাজ ও বিদেশে অর্থ পাচারকারীদের সকল সম্পত্তি ক্রোক করে রাষ্ট্রীয় কোষাগারে জমা করতে হবে এবং বিদেশে পাচারকৃত টাকা ফেরত আনবার উদ্যোগ গ্রহণ করতে হবে।
বিগত বছরে যারা ক্ষমতায় ছিলেন তাদের সম্পদের হিসাব দিতে হবে। সকল দুর্নীতি ও টাকা পাচারের শ্বেতপত্র প্রকাশ করতে হবে।
৩. আইনশৃঙ্খলা বাহিনী, প্রশাসন, বিচার বিভাগসহ প্রজাতন্ত্রের যে সকল কর্মচারী আইন, সংবিধান, শপথ লঙ্ঘন করে অপেশাদার আচরণ করেছেন তাদেরকে বিচারের মুখোমুখি করতে হবে।
৪. দেশের সংখ্যাগরিষ্ঠ ধর্মীয় জনগোষ্ঠির চিন্তা-চেতনা ও অনুভূতির বিরুদ্ধে কোন সিদ্ধান্ত নেয়া যাবে না।
৫. নির্বাচন কমিশনকে পুনর্গঠন করতে হবে এবং অবাধ, সুষ্ঠু গ্রহণযোগ্য ও অংশগ্রহণমূলক নির্বাচনের জন্য সংখ্যানুপাতিক নির্বাচন (চজ) পদ্ধতি চালু করতে হবে।
৬. আওয়ামী দুঃশাসনের বিগত ১৬ বছরে সবচেয়ে ক্ষতিগ্রস্থ হয়েছে

এদেশের সাধারণ শিক্ষাখাতের মান ও নৈতিকতা। এই ক্ষতি দ্রুত সময়ের মধ্যে কাটিয়ে উঠার লক্ষ্যে দেশপ্রেমিক শিক্ষাবিদ ও উলামায়ে কেরামের সমন্বয়ে একটি জাতীয় শিক্ষাকমিশন গঠন করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৭. গ্রাম পুলিশকে জাতীয়করণ করে তাদের সম্মানজনক বেতন ও ভাতার ব্যবস্থা করতে হবে।

এছাড়াও প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রভাষক মাওলানা শিহাব উদ্দিন, প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন খুলনা যুব আন্দোলনের সেক্রেটারি এবং সাবেক কেন্দ্রীয় সাবেক ছাত্র আন্দোলন বাংলাদেশের সভাপতি মুফতী আহমাদ আব্দুল জলিল । বিশেষ অতিথি মাওলানা আমানুল্লাহ হেফাজতে ইসলাম কোটচাঁদপুর শাখা।

এসময় আরও উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা ওলামা পরিষদের সভাপতি মুফতী নাজির আহমেদ, কোটচাঁদপুর থানা সেক্রেটারি জনাব ফারুক হোসেন, মহেশপুর উপজেলার সভাপতি মাওলানা আবু বকর সিদ্দিক, সাবেক সভাপতি মাওলানা সরোয়ার হোসাইন, এসিস্ট্যান্ট সেক্রেটারি মুফতী ইব্রাহীম খলীল, দপ্তর সম্পাদক মাওলানা আব্দুল্লাহ আল মামুন।

মুজিবনগরে সহযোগী স্কুল শিক্ষকদের সাথে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির আয়োজনে, সহযোগী স্কুল শিক্ষকদের সাথে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (২২ সেপ্টেম্বর) দুপুরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস হলরুমে এই প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণ কর্মশালায় গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর

ম্যানেজার সুব্রত টুডুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করেন, মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, মুজিবনগর সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম।

মেহেরপুর সিডিপি এর সিনিয়র অফিসার প্রোগ্রাম রিফাত আল মাহমুদের সঞ্চালনায়, প্রশিক্ষণ কর্মশালায় উপজেলার ২০টি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ১০টি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং ১৫ জন সহকারী শিক্ষক উপস্থিত ছিলেন।

মেহেরপুরে প্রস্তাবিত হজ্ব যাত্রীদের ট্রেনিং প্রোগ্রাম অনুষ্ঠিত

মেহেরপুর প্রস্তাবিত হজ্ব যাত্রীদের ট্রেনিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার (২১ সেপ্টেম্বর) সকাল ১০টার সময় তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলা মেহেরপুরের আয়োজনে প্রস্তাবিত হজ্ব যাত্রীদের ট্রেনিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলার ব্যবস্থাপনা পরিচালক মনিরুল ইসলাম সভাপতিত্বে প্রধান মেহমান হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী ফাউন্ডেশনের উপ পরিচালক এ জেএম সিরাজুম মূনীর।

বিশেষ মেহমান হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জাতীয় ইমাম পরিষদের সভাপতি ও হোটেল বাজার জামে মসজিদ ইমাম হাফেজ মাওলানা মোঃ রোকুনুজ্জামান, মেহেরপুর সদর থানা তদন্ত ওসি মোঃ মিজানুর রহমান, অগ্রণী ব্যাংক পিএলসির এজিএম মোঃ রমজান আলী, তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলার উপদেষ্টা ও নওদাপাড়া জামে মসজিদের খতিব হাফেজ মাওলানা আবুল হাশেম, তাতাসা হজ্ব ও ওমরাহ কাফেলার উপদেষ্টা

চুয়াডাঙ্গা কামিল মাদ্রাসার উপাধ্যক্ষ মোঃ খালিদ সাইফুল্লাহ।

এ ছাড়াও ভেড়ামারা ল্যাবএইড ডায়াগনস্টিক সেন্টারের ব্যবস্থাপক সাংবাদিক শাহ জামালের সঞ্চালনায় প্রস্তাবিত ২৭ জন হজ্ব যাত্রীরা উপস্থিত ছিলেন।

পরে দোয়া মাহফিল ও মোনাজাতের মাধ্যমে প্রস্তাবিত হজ্ব যাত্রীদের ট্রেনিং প্রোগ্রাম শেষ হয়।

দর্শনায় মাঠ দিবস অনুষ্ঠিত

ওয়েভ ফাউন্ডেশনের উদ্যোগে ও পিকেএসএফ এর সহায়তায় পারকৃষ্ণপুর - মদনা ইউনিয়নে মৎসজীবিদের নিয়ে আধা নিবিড় পদ্ধতিতে কার্প জাতীয় মাছের উন্নয়ন ও মোটাতাজাকরনের পদ্ধতি ও প্রযুক্তি নিয়ে মাছ চাষের অভিজ্ঞতা বিনিময় ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকালে পারকৃষ্ণপুর গ্রামে এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়। মাঠ দিবসে মৎসজীবি সংগঠনের অন্যতম সংগঠক সাধন হালদারের সভাপতিত্বে মাঠ দিবসের অনুষ্ঠানে অতিথি হিসাবে ছিলেন এশিয়ান টিভির জেলা প্রতিনিধি মোঃ আজাদ হোসেন।

এ ছাড়াও উপস্থিত ছিলেন বিএনপির পারকৃষ্ণপুর- মদনা ইউনিয়নের সভাপতি শফিউল্লাহ শফি, সাধারণ সম্পাদক আজিবার রহমান, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও দর্শনা সাংবাদিক সমিতির সাধারন সম্পাদক হানিফ মন্ডল, দর্শনা প্রেস ক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন, মনিরুজ্জামান মনি, সাংবাদিক মামুন, ওয়েভ ফাউন্ডেশনের সহকারী পরিচালক নির্মল দাস, সিনিয়র সমন্বয়কারী মোঃ কামরুজ্জামান যুদ্ধ ও মৎস কর্মকর্তা আবু সাই।

মাঠ দিবসের অনুষ্ঠানে বক্তারা বলেন বিগত দিনে বাংলার মানুষ ছিলো মাছে-ভাতে বাঙ্গালী । এই প্রথা এখন অতিত ও স্মুতিময়। তবে বর্তমানে এখনো এই বাংলায় নদ-নদী,খাল- বিল, বাওড় ও পুকুরসহ যত ধরনের জলাশয় আছে তা যত্রতত্র ভাবে অপরিকল্পিত ভাবে চাষ না করে

বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করে যদি চাষ করা যায় তাহলে বিদ্যমান যে জলাশয় আছে তা দিয়েই মাছের চাহিদা পুরন করা সম্ভব। এজন্য সরকারের পাশাপাশি ওয়েভ ফাউন্ডেশন যেমন মৎসহ উন্নয়ন ও প্রযুক্তি সম্প্রসারনের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি লক্ষ্যে কাজ করছে তেমনি ভাবে মৎসজীবিসহ সমাজের বিভিন্ন শ্রেনীপেশার মানুষের এক্যবদ্ধ সমর্থন ও সহায়তা রকার। আর এই সম্মিলিত প্রয়াশের মাধ্যমে এেকিক যেমন মাছের চাহিদা পুরণ হবে ও অন্য দিকে পুষ্টির ঘাটতি পুরণ হবে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা পুলিশ লাইন্স ড্রিলশেডে জেলা পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সাড়ে বারোটাই চুয়াডাঙ্গা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা, বিপিএম-সেবার সভাপতিত্বে সেপ্টেম্বর মাসের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত হয়।

পুলিশ সুপার কল্যাণ সভায় অংশগ্রহণকারী সকল অফিসার-ফোর্সদের কথা মনোযোগ সহকারে শোনেন। পূর্ববর্তী কল্যাণ সভায় উপস্থাপিত বিষয়ে সমাধানসহ সকলের কল্যাণে সার্বিক বিষয়ে আলোচনা করেন।

পুলিশ সুপার জেলা পুলিশের প্রতিটি সদস্যের ঐক্যবদ্ধ চেস্টায় সাফল্যের ধারাবাহিকতা ধরে রাখার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। সকল ইউনিট ইনচার্জকে মেসে স্বাস্থ্যসম্মত খাবার পরিবেশন ও পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতঃ চাহিদার প্রেক্ষিতে ছুটি প্রদানের নির্দেশ প্রদান করেন। বাংলাদেশ পুলিশের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন কাজ থেকে বিরত থেকে জনসাধারণের সর্বোচ্চ পুলিশী সেবা প্রদানের জন্য আহবান জানান।

উক্ত কল্যাণ সভায় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, মেডিকেল অফিসার হুমায়রা আক্তার সহ সকল অফিসার ইনচার্জ, ডিআইও-১; কোর্ট পুলিশ পরিদর্শক; আরআই; টিআই (প্রশাসন),